

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSC/GE-101T/356

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSC/GE-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে চারটি প্রশ্ন নিয়ে কুড়িটি প্রশ্নের উত্তর দাও :

১×২০=২০

UNIT—I

- ১। 'চর্যাপদ'-এর আবিষ্কারক কে?
- ২। 'চর্যাপদ'-এর পুথিতে কতজন পদকর্তার নাম পাওয়া যায়?
- ৩। সংস্কৃত ভাষায় 'চর্যাপদ'-এর টীকা কে লিখেছিলেন?
- ৪। বাংলা সাহিত্যের কোন্ যুগে 'শ্রীকৃষ্ণকীর্তন' রচিত হয়?
- ৫। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের খণ্ডসংখ্যা কত?

UNIT—II

- ৬। বিদ্যাপতি মূলত কোন্ ভাষায় তাঁর বৈষ্ণবপদগুলো রচনা করেছেন?
- ৭। বিদ্যাপতির ভাবশিষ্য কে?
- ৮। ‘অভিসার’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কাকে বলা হয়?
- ৯। চণ্ডীদাস কোন্ রসপর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা?
- ১০। চৈতন্যদেবের জন্মসাল কত?

UNIT—III

- ১১। ‘মনসামঙ্গল’-এর আদিকবির নাম কী?
- ১২। নারায়ণদেব বিরচিত ‘মনসামঙ্গল’ কাব্যটির নাম কী?
- ১৩। ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?
- ১৪। রামাই পণ্ডিতের ‘শূন্যপুরাণ’ কে আবিষ্কার করেন?
- ১৫। কার আদেশে ভারতচন্দ্র তাঁর ‘অন্নদামঙ্গল’ কাব্যটি রচনা করেন?

UNIT—IV

- ১৬। কবি কৃষ্ণিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন?
- ১৭। কৃষ্ণিবাস অনূদিত ‘রামায়ণ’ গ্রন্থটির নাম কী?
- ১৮। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?
- ১৯। কাশীরাম দাস কোন্ শতকের কবি?
- ২০। কার উদ্যোগে কৃষ্ণিবাসের ‘রামায়ণ’ সর্বপ্রথম মুদ্রিত হয়?

UNIT—V

- ২১। শাক্তপদাবলীর মূল রস কোনটি?
- ২২। উমার মায়ের নাম কী?
- ২৩। ‘সাধকরঞ্জন’ গ্রন্থটি কার লেখা?

২৪। 'পদ্মাবতী' কাব্যের রচয়িতা কে ?

২৫। 'লোরচন্দ্রাবী' বা 'সতীময়না' কাব্যটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয় ?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

UNIT—I

২৬। 'চর্যাপদ'-এর ভাষাকে সঙ্ঘাভাষা বলা হয় কেন ?

২৭। কে, কোথা থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি আবিষ্কার করেন ?

UNIT—II

২৮। উত্তর-চৈতন্যযুগের দুজন বৈষ্ণব কবির নাম উল্লেখ করো।

২৯। চৈতন্যদেবের জীবনকে আশ্রয় করে রচিত দুটি জীবনীগ্রন্থের নাম লেখো।

UNIT—III

৩০। 'মনসামঙ্গল'-এর দুটি ধারার নাম লেখো।

৩১। মুকুন্দরাম চক্রবর্তীর 'অভয়ামঙ্গল' কাব্যের খণ্ড দুটির নাম লেখো।

UNIT—IV

৩২। 'এ বঙ্গের অলংকার' উপমায় কে, কাকে আখ্যায়িত করেছিলেন ?

৩৩। কাশীরামের পূর্ববতী দুজন মহাভারত অনুবাদকের নাম লেখো।

UNIT—V

৩৪। শাক্তপদাবলীর দুটি পর্যায়ের নাম উল্লেখ করো।

৩৫। রাজসভার সাহিত্য বলতে কী বোঝো ?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

UNIT—I

- ৩৬। ‘চর্যাপদ’ গ্রন্থটিতে তৎকালীন সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো।
- ৩৭। ‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

UNIT—II

- ৩৮। বিদ্যাপতির কবি-প্রতিভার পরিচয় দাও।
- ৩৯। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত চৈতন্য-জীবনী গ্রন্থটি সম্পর্কে একটি নিবন্ধ প্রস্তুত করো।

UNIT—III

- ৪০। ‘মনসামঙ্গল’ কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্ব আলোচনা করো।
- ৪১। ভারতচন্দ্র রচিত ‘অন্নদামঙ্গল’ কাব্যের কাব্যবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

UNIT—IV

- ৪২। কাশীরাম দাসের কবি-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৪৩। “কৃত্তিবাসী রামায়ণে বাঙালির দৈনন্দিন জীবনের ছায়াপাত ঘটেছে।” মন্তব্যটি বিশদ করো।

UNIT—V

- ৪৪। শাক্তপদাবলীর ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্বে বর্ণিত মাতা-কন্যার অসহায়তা ও হৃদয়বেদনার চিত্রটি বর্ণনা করো।
- ৪৫। মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের অবদান আলোচনা করো।

★ ★ ★

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSC/GE-101T/356